গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

নভেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মো: তৌফিকুর রহমান জেলা প্রশাসক, কুষ্টিয়া।
সভার তারিখ	:	১৭ নভেম্বর ২০২৪।
সময়	:	সকাল ১০:০০ ঘটিকা।
স্থান	:	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুষ্টিয়া।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে নতুন যোগদানকারী বিভিন্ন দপ্তরের প্রধানগণকে অভিনন্দন জানানো হয় এবং পারস্পরিক সহযোগিতার মাধ্যমে চলমান উন্নয়ন কার্যক্রম আরও বেগবান করার আশাবাদ ব্যক্ত করা হয়। গত ২০ অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত অক্টোবর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অদ্যকার সভার কার্যপত্র সভায় উপস্থাপন করা হয়। সহকারী পরিচালক, বিআরটিএ, কুষ্টিয়া ও উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, কুষ্টিয়া কর্তৃক স্ব স্ব দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রম Power point presentation এর মাধ্যমে উপস্থাপন করা হয়। সুন্দর উপস্থাপনার জন্য তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অত:পর বিভিন্ন দপ্তরের চলমান উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে ধারাবাহিকভাবে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র:	দপ্তর ভিত্তিক আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	জেলা পর্যায়ের মাসিক উন্নয়ন সমন্বয় সভা অনুষ্ঠান	মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখার ০৮/০৮/২০১৬ তারিখের পরিপত্র মোতাবেক জেলা পর্যায়ে প্রতি মাসের ৩য় রবিবার সকাল ১০:০০ ঘটিকায় জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে নির্দেশনা রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতি মাসের ৩য় রবিবার সকাল ১০:০০ ঘটিকায় এ সভা অনুষ্ঠিত হবে। সভার কার্যপত্র প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে।	সকল সদস্য
২	গণপূর্ত বিভাগের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা	গণপূর্ত বিভাগ, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। নার্সিং ট্রেনিং ইনস্টিটিউটকে নার্সিং কলেজে উন্নীতকরণের কাজ চলমান আছে, অগ্রগতি ৯০%। প্রতিটি জেলা ও উপজেলায় মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান রয়েছে, অগ্রগতি ৮৫%। কুষ্টিয়া জেলায় নতুন সার্কিট হাউজ নির্মাণ প্রকল্পের মূল ভবনের কাজ সমাপ্ত হয়েছে। কাজের	১। কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন কাজ সমাপ্ত হওয়ায় দ্রুত হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল দ্রুত চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ কুষ্টিয়া ২। পরিচালক মেডিকেল কলেজ হাসপাতাল, কুষ্টিয়া

		ভৌত অগ্রগতি ৯১% মর্মে সভায় উপস্থাপন করা হয়। সভায় আরও উপস্থাপন করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্পের কাজ চলমান রয়েছে, অগ্রগতি ২৫%। বাংলাদেশ তাঁত বোর্ডের আওতায় ৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র, ১টি ফ্যাশন ইন্সটিটিউট এবং মার্কেট প্রমোশন সেন্টার স্থাপন কাজ সমাপ্ত হয়েছে। কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন কাজ সমাপ্ত হওয়ায় দ্রুত মেডিকেল কলেজ হাসপাতাল চালু করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।		
৩	এলজিইডি'র আওতায় গৃহীত কার্যক্রম	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরে গৃহীত প্রকল্প সংখ্যা ১৯টি, প্রাক্কলিত ব্যয় ৭৮,৪৩৩.৬৪ লক্ষ টাকা, ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দ ৩,৯৯৯.০০ লক্ষ টাকা, বাস্তবায়ন অগ্রগতি ৭৫% মর্মে সভায় উপস্থাপন করা হয়। প্রকল্প গ্রহণের পূর্বে প্রয়োজনীয় সময় নিয়ে সঠিকভাবে পরিকল্পনা করা এবং বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	প্রকল্প গ্রহণের পূর্বে প্রয়োজনীয় সময় নিয়ে সঠিকভাবে পরিকল্পনা করতে হবে এবং বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী এলজিইডি, কুষ্টিয়া।
৪	সড়ক বিভাগের আওতায় গৃহীত উন্নয়নমূলক কার্যক্রম	সড়ক বিভাগ, কুষ্টিয়া কর্তৃক ঝিনাইদহ-কুষ্টিয়া-পাকশী-দাশুরিয়া জাতীয় মহাসড়ক (এনএস-৭০৪) এর কুষ্টিয়া শহরাংশ ৪-লেনে উন্নীতকরণসহ অবশিষ্টাংশ যথাযথমানে উন্নীতকরণ প্রকল্পের ০৪টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে ও ০১টি প্যাকেজের কাজ চলমান রয়েছে, যার অগ্রগতি ৭১.২০% মর্মে সভায় উপস্থাপন করা হয়। সভায় আরও জানানো হয় যে, কুষ্টিয়া (ত্রিমোহনী)-মেহেরপুর-চুয়াডাঙ্গা-ঝিনাইদহ (আর-৭৪৫) আঞ্চলিক মহাসড়কের কুষ্টিয়া হতে মেহেরপুর পর্যন্ত যথাযথমান ও প্রশস্ততায় উন্নীতকরণের ০৩টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। সড়ক বিভাগের আওতাধীন বিভিন্ন মহাসড়কে বিদ্যমান সরু ও ঝুঁকিপূর্ণ পুরাতন কংক্রিট সেতু/বেইলী সেতুসমূহের স্থলে কংক্রিট সেতু নির্মাণ প্রকল্পের কাজ চলমান রয়েছে। সভায় কুষ্টিয়া-মেহেরপুর সড়কের নওপাড়া ও আমলায় ব্রিজ নির্মাণের জন্য জমি অধিগ্রহণ সংক্রান্ত সমস্যা নিয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া অতিসম্প্রতি নির্মিত কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়ক ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ এবং একই রাস্তা বারবার নির্মাণ করতে হয় কেন তা অনুসন্ধান করে দ্রুত ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	১। জমি অধিগ্রহণ সংক্রান্ত সমস্যা নিয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুষ্টিয়ার সাথে আলোচনা করে সমাধান করতে হবে। ২। অতিসম্প্রতি নির্মিত কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়ক ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ অনুসন্ধানপূর্বক করণীয় সম্পর্কে পরবর্তী সভাকে অবহিত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী (সওজ), সড়ক বিভাগ, কুষ্টিয়া।
৫	২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের কার্যক্রম	২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে বহিঃবিভাগ ও জরুরী বিভাগে ৪৯,১৪২ জন এবং আন্তঃবিভাগে ৩০,৯২১ জন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয় মর্মে সভায় উপস্থাপন করা হয়। সভায় আরও জানানো হয় যে, আন্তঃবিভাগে নতুন ভর্তি	হাসপাতালের বর্জ্য ও ময়লা-আবর্জনা দ্রুত অপসারণের বিষয়ে প্রশাসক, কুষ্টিয়া পৌরসভা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	১। তত্ত্বাবধায়ক ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল কুষ্টিয়া। ২। প্রশাসক কুষ্টিয়া পৌরসভা

		রোগীর সংখ্যা ৮,৬২২ জন, শয্যা ব্যবহারের হার ৩৯৮.৯৮%, মেজর অপারেশন করা হয় ৬৫৭টি ও মাইনর অপারেশন করা হয় ১,০৬০টি। এছাড়া বিবেচ্য মাসে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা ১৫৯ জন তন্মধ্যে ০২ জনের মৃত্যু হয়েছে। হাসপাতালের বর্জ্য অপসারণের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।		
৬	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যক্রম	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুষ্টিয়ায় ফসল আবাদের লক্ষ্যমাত্রা খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে বোরো ধান ৩৬,৪৬৪ হে., গম ১২৭১৬ হে., আলু ১০৬৯ হে., মিষ্টি আলু ৬০ হে., সরিষা ১৫১৪৭ হে., ভূট্টা ১১৫১০ হে., সবজি ৬৬৮২ হে., পেঁয়াজ ১৩২৪২ হে., মসুর ৬৮০০ হে., খেসারি ১৪৭০ হে., সূর্যমুখী ১৪২ হে., চিনাবাদাম ১১০৫ হে. এবং রবি/২০২৪-২৫ মৌসুমে ফসল আবাদের অগ্রগতি সরিষা ১৬৫ হে., ভূট্টা ২০ হে., সবজি ১১৪৫ হে., মরিচ ৩৫৫ হে., পেঁয়াজ ১৯৫৫ হে. ও ধনিয়া ৯ হে. মর্মে সভায় উপস্থাপন করা হয়। চলতি রবি মৌসুমে রাসায়নিক সারের চাহিদা বেশি থাকায় অসাধু ব্যবসায়ীরা যেন কৃত্রিম সংকট সৃষ্টির মাধ্যমে সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে সার বিক্রয় করতে না পারে সে বিষয়ে তদারকি বৃদ্ধি ও উপসহকারী কৃষি কর্মকর্তাদের স্ব স্ব কর্মস্থলে উপস্থিতি ও অবস্থান নিশ্চিত করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	অসাধু ব্যবসায়ীগণ যাতে সারের কৃত্রিম সংকট সৃষ্টির মাধ্যমে সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে সার বিক্রয় করতে না পারে সেজন্য সার বিক্রয় কার্যক্রমের মনিটরিং জোরদার করতে হবে। উপসহকারী কৃষি কর্মকর্তাদের নিজ নিজ কর্মস্থলে উপস্থিতি ও অবস্থান নিশ্চিত করতে হবে।	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কুষ্টিয়া।
৭	জেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম	জেলা প্রাণিসম্পদ অফিস, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে কৃত্রিম প্রজননকৃত গাভীর সংখ্যা-৬,৫৪৩টি, বাচ্চা উৎপাদন-২,৪৭০টি, গবাদি পশুর চিকিৎসা দেয়া হয় ৮,৫৭০টি ও হাঁস মুরগির চিকিৎসা দেয়া হয় ৬৩,০৪০টি মর্মে সভায় উপস্থাপন করা হয়। সভায় আরও উপস্থাপন করা হয় যে, দুধ উৎপাদন করা হয়েছে ১০,২৯৯ মে.টন, মাংস উৎপাদন করা হয়েছে ৯৯৫৫ মে.টন এবং ডিম উৎপাদন করা হয়েছে ২.৪২ কোটি মর্মে সভায় উপস্থাপন করা হয়। গবাদি পশু ও হাস-মুরগীর টিকাদান কার্যক্রম বৃদ্ধি করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	গবাদি পশু ও হাস-মুরগীর টিকাদান কার্যক্রম বৃদ্ধি করতে হবে।	জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুষ্টিয়া।
৮	জেলা মৎস্য অফিসের কার্যক্রম	জেলা মৎস্য অফিস, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে পরামর্শ সেবা প্রদান করা হয় ১৭৭ জনকে,মতবিনিময় সভা করা হয়েছে ০৫টি, লাইসেন্স নবায়ন করা হয় ০১টি, প্রশিক্ষণ প্রদান করা হয় ২৫ জনকে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ এর আওতায় গণসচেতনতা সভা করা হয় ১০টি, হাটবাজার পরিদর্শন করা হয় ২৩৯টি ও অভিযান পরিচালনা করা হয় ৭৭টি মর্মে সভায় উপস্থাপন করা হয়। সভায় আরও উপস্থাপন করা হয় যে, বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। আধুনিক পদ্ধতিতে মাছ চাষের বিষয়ে জেলেদের উদ্বুদ্ধ করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	আধুনিক পদ্ধতিতে মাছ চাষের বিষয়ে জেলেদের উদ্বুদ্ধ করতে হবে।	জেলা মৎস্য অফিসার, কুষ্টিয়া।

৯	জেলা প্রাথমিক শিক্ষা অফিসের কার্যক্রম	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে ডেঙ্গু প্রতিরোধে বিদ্যালয়ের আঙিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়, ইপিআই কার্যক্রমে এইচপিভি ক্যাম্পেইন-২০২৪ সম্পন্ন করা হয় এবং স্বাধীনতা পুরস্কার-২০২৫ ও বেগম রোকেয়া পদক-২০২৪ এর মনোনয়ন প্রস্তাব আহ্বান করা হয় মর্মে সভায় উপস্থাপন করা হয়।	বিদ্যালয়ের আঙিনা ও আশপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখাসহ ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কুষ্টিয়া।
১০	মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম	জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে প্রশিক্ষণ প্রদান করা হয় ১৬০ জনকে, ভিডব্লিউবি কার্যক্রমের উপকারভোগীর সংখ্যা ৯,৯৫৪ জন, মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ প্রদান করা হয় ৬৭,৪৫,৭৯৯ টাকা ও ৭০টি কিশোর-কিশোরী ক্লাব স্থাপন করা হয় মর্মে সভায় উপস্থাপন করা হয়। সভায় আরও উপস্থাপন করা হয় যে, ডে-কেয়ার সেন্টারে ১৪ জন বাচ্চা ভর্তি করা হয়েছে। বটতৈল সামাজিক প্রতিবন্ধী মেয়েদের আশ্রয় ও পুনর্বাসন কেন্দ্রের মেয়েদের অনুপ্রাণিত করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	মহিলাদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে গৃহীত প্রশিক্ষণ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়া।
১১	জেলা পরিবার পরিকল্পনা অফিসের কার্যক্রম	পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কুষ্টিয়ার আওতাধীন সক্ষম দম্পতি ৪,৬১,১০১টি, জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকারী ৩,৬৪,৩১৫ জন, গ্রহণকারীর হার ৭৯.০১%, গর্ভবতী মায়ের যত্ন নেয়া হয় ৭,১৫৯ জনের এবং জীবিত শিশু জন্মগ্রহণ করে ১,৭৮৩টি মর্মে সভায় অবহিত করা হয়। শিশু জন্মের পরপরই জন্ম নিবন্ধনের বিষয়ে উদ্বুদ্ধ করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	শিশু জন্মের পরপরই জন্ম নিবন্ধনের বিষয়ে উদ্বুদ্ধ করার পাশাপাশি জন্ম নিবন্ধনের বিষয়ে সংশ্লিষ্টদের সহযোগিতা করতে হবে।	উপপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কুষ্টিয়া।
১২	শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন উন্নয়নমূলক কার্যক্রম	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া কর্তৃক বিভিন্ন প্রকল্পের অধীন সর্বমোট ৪৮,৭৭৯.০৮ লক্ষ টাকা প্রাক্কলনে ৩০১টি প্রতিষ্ঠানে অবকাঠামো উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয় মর্মে সভায় উপস্থাপন করা হয়। সভায় আরও উপস্থাপন করা হয় যে, ২৫৬টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে ও ৪৫টি প্রতিষ্ঠানের ভবন নির্মাণ কাজ বাস্তবায়নাধীন, প্রকল্পসমূহের গড় অগ্রগতি ৮৩% এবং এ পর্যন্ত মোট ব্যয়িত অর্থের পরিমাণ ৪২,২০০.৯৬ লক্ষ টাকা। চলমান নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিত করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	চলমান পূর্ত কাজের গুণগত মান নিশ্চিত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া।
১৩	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ৮,৬১৮টি টিউবওয়েল বরাদ্দ প্রদান করা হয় মর্মে সভায় উপস্থাপন করা হয়। সভায় আরও অবহিত	উপজেলা নির্বাহী অফিসারের সহায়তায় সৃষ্ট প্রতিবন্ধকতা নিরসন করে দ্রুত প্রাথমিক	নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া।

	আওতাধীন উন্নয়নমূলক কার্যক্রম	করা হয় যে, এনএনজিপিএস Wash Block ৫২টির মধ্যে ৪৫টি হস্তান্তর করা হয়, জিপিএস Wash Block এর ৪২টির মধ্যে ২৯টি হস্তান্তর করা হয় এবং PEDP-4 প্রকল্পের আওতায় ১৫২টি নির্মাণ কাজের মধ্যে ৪৮টি হস্তান্তর করা হয়। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক নির্মাণ কাজে স্থানীয়ভাবে প্রতিবন্ধকতা সৃষ্টির বিষয়ে সভায় অবহিত করা হয়।	বিদ্যালয়ে ওয়াস ব্লক নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে।	
১৪	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কার্যক্রম	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে বাজার তদারকির সংখ্যা ২৬টি, তদারকিকৃত প্রতিষ্ঠানের সংখ্যা ৫১২টি, অভিযোগ নিষ্পত্তির সংখ্যা ০৪টি, দন্ডিত প্রতিষ্ঠানের সংখ্যা ৬৮টি এবং আদায়কৃত জরিমানার পরিমাণ ৪,২৮,০০০ টাকা মর্মে সভায় উপস্থাপন করা হয়। বাজার তদারকির পাশাপাশি জেলার সার ডিলারদের কার্যক্রম তদারকি করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	সরকারের উচ্চ ভর্তুকির রাসায়নিক সার কৃষক পর্যায়ে সহজে ও ন্যায্যমূল্যে প্রাপ্তির বিষয়টি তদারকি করতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়া।
১৫	ওজোপাডিকোলি কুষ্টিয়ার বিক্রয় ও বিতরণ বিভাগ-২ এর হালনাগাদ তথ্য	বিবিবি-২, ওজোপাডিকো লি:, কুষ্টিয়া কর্তৃক গ্রাহক সংখ্যা ৪৭,৬৪১ জন, নতুন সংযোগ প্রদান করা হয়েছে ৮৯টি, বিলের পরিমাণ ১৩,৮৩,৬০,৩১৪ টাকা, আদায়ের পরিমাণ ১৩,৮৬,২৭,৬১৫ টাকা, সিস্টেম লস ৫.৬৭% মর্মে সভায় উপস্থাপন করা হয়।	সহজে ও স্বল্পতম সময়ে গ্রাহক সেবা প্রদানের পাশাপাশি দালালচক্র কর্তৃক গ্রাহকরা প্রতারিত হচ্ছে কিনা তা খতিয়ে দেখতে হবে।	নির্বাহী প্রকৌশলী বিবিবি-২ ওজোপাডিকোলি কুষ্টিয়া
১৬	কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতির হালনাগাদ তথ্য	পল্লী বিদ্যুৎ সমিতি, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাস পর্যন্ত মোট গ্রাহক সংখ্যা ৫,৮০,৬৩৯ জন, মোট বিদ্যুতায়িত গ্রাম ৯৬৩টি, বিলের পরিমাণ ২২৬,১৬,৬২,৪৫৬ টাকা, রেভিনিউ কালেকশন-১০৫.০২% ও সিস্টেম লস ৪.৯৯% মর্মে সভায় জানানো হয়। সড়কের পাশে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের পূর্বেই রাস্তা সম্প্রসারণের বিষয়টি আমলে নিয়ে পরিকল্পনা গ্রহণ এবং তা বাস্তবায়নের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	সড়কের পাশে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের পূর্বেই রাস্তা সম্প্রসারণের বিষয়টি আমলে নিয়ে পরিকল্পনা গ্রহণ এবং তা বাস্তবায়ন করতে হবে।	জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি কুষ্টিয়া।
১৭	বিআরটিএ এর কার্যক্রম পর্যালোচনা	বিআরটিএ, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে রেজিস্ট্রেশন প্রদান করা হয় ৫৩৭টি, ফিটনেস প্রদান করা হয় ১,১৮৯টি, রুট পারমিট প্রদান করা হয় ৩৭টি, ড্রাইভিং লাইসেন্স প্রদান করা হয় ১,২২৮টি ও শিক্ষানবিশ লাইসেন্স প্রদান করা হয় ১,৪১০টি। মোট রাজস্ব আদায় করা হয় ১,৬৭,২৩,৭০৫ টাকা মর্মে সভায় জানানো হয়। বিআরটিএ এর সকল সেবা অনলাইনে প্রদানের বিষয়টি সভায় অবহিত করা হয়।	অনলাইন সেবা গ্রহণের বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করার পাশাপাশি আগত সেবা প্রত্যাশীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।	সহকারী পরিচালক বিআরটিএ কুষ্টিয়া
১৮	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কার্যক্রম পর্যালোচনা	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে অগ্নিকান্ডের সংখ্যা ১২টি, আনুমানিক ক্ষতির পরিমাণ ১৩,৯০,০০০ টাকা, উদ্ধারের পরিমাণ ৬৩,২০,০০০ টাকা, সড়ক দুর্ঘটনার সংখ্যা ১১টি, সড়ক দুর্ঘটনায় আহতের সংখ্যা ০৭ জন, নিহতের	আসন্ন শুষ্ক মৌসুমে অগ্নিদুর্ঘটনার সম্ভাবনার বিষয়ে জনসচেতনতামূলক ক্যাম্পেইন, প্রচার প্রচারণা ও মাইকিং করতে হবে।	সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কুষ্টিয়া

		সংখ্যা ০১ জন, এ্যাম্বুলেন্স কলের সংখ্যা ১১টি, ফ্রি কলের সংখ্যা ০৬টি, রোগী পরিবহনের সংখ্যা ০৮ জন ও রোগী পরিবহণ বাবদ আয় ৩,১৮১ টাকা মর্মে সভায় অবহিত করা হয়। আসন্ন শুষ্ক মৌসুমে অগ্নিদুর্ঘটনার সম্ভাবনার বিষয়ে জনসচেতনতামূলক ক্যাম্পেইন, প্রচার প্রচারণা ও মাইকিং এবং লাইসেন্সবিহীন গ্যাস সিলিন্ডার বিক্রির দোকানগুলো তদারকি করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	লাইসেন্সবিহীন গ্যাস সিলিন্ডার বিক্রির বিষয়ে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
১৯	জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের কার্যক্রম	জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে বিদেশে চাকুরি প্রার্থীদের নিবন্ধন করা হয়েছে ১,২৪৩ জনকে। বিদেশে গমন করেছে ১,২২৬ জন। বৈদেশিক চাকুরী প্রার্থীর ফিঙ্গার প্রিন্ট করা হয়েছে ১,৩৯৭ জনের। ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড ঢাকা হতে EFT এর মাধ্যমে অনুদান বাবদ ১২,০০,০০০ টাকা বিতরণ করা হয় মর্মে সভায় উপস্থাপন করা হয়। বৈধভাবে রেমিট্যান্স পাঠাতে প্রবাসীদের উদ্বুদ্ধ করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	বৈধভাবে রেমিট্যান্স পাঠানোর বিষয়ে প্রবাসীদের উদ্বুদ্ধ করার লক্ষে সংশ্লিষ্ট পরিবারের সাথে যোগাযোগ স্থাপন করতে হবে।	সহকারী পরিচালক জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস কুষ্টিয়া
২০	জেলা সমাজসেবা কার্যালয়ের কার্যক্রম	জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় উপকারভোগীর সংখ্যা ১,৬৪,৫৩৯ জন, শিশু সুরক্ষা প্রতিষ্ঠানে নিবাসীর সংখ্যা ৭৪২ জন, স্বেচ্ছাসেবী সংস্থা নিবন্ধন করা হয়েছে ৯৬৪টি এবং এতিমখানা নিবন্ধন করা হয়েছে ৩৯টি মর্মে সভায় উপস্থাপন করা হয়।	সরকারী শিশু পরিবার (বালক), সরকারী শিশু পরিবার (বালিকা), সামাজিক প্রতিবন্ধি নারী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রসহ এ জাতীয় সকল প্রতিষ্ঠানে মনিটরিং বৃদ্ধি করতে হবে।	উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া
২১	আঞ্চলিক পাসপোর্ট অফিসের কার্যক্রম	আঞ্চলিক পাসপোর্ট অফিস, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে পাসপোর্ট আবেদন গ্রহণ করা হয় (সাধারণ ও জরুরী) ৪,৩৯৬টি ও পাসপোর্ট ইস্যু করা হয় (সাধারণ ও জরুরী) ৪,৩৩১টি মর্মে সভায় উপস্থাপন করা হয়। আঞ্চলিক পাসপোর্ট অফিসের আশেপাশে দালাল চক্র কর্তৃক সাধারণ জনগণ প্রতারিত হচ্ছে কিনা তা খতিয়ে দেখার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	আঞ্চলিক পাসপোর্ট অফিসের আশেপাশে দালাল চক্র কর্তৃক সাধারণ জনগণ প্রতারিত হচ্ছে কিনা তা খতিয়ে দেখতে হবে।	আঞ্চলিক পাসপোর্ট অফিসার, কুষ্টিয়া
২২	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর কার্যক্রম	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে সদস্য অন্তর্ভুক্ত করা হয় ১৩৭ জন, মূলধন গঠন করা হয় ১৭.০৮ লক্ষ টাকা, ঋণ বিতরণ করা হয় ২০৩.৭১ লক্ষ টাকা, ঋণ আদায় করা হয় ২৫০.৩৯ লক্ষ টাকা, ঋণ গ্রহীতার সংখ্যা ১,০২৯ জন, এসএমই ঋণ বিতরণ করা হয় ৩২.৩০ লক্ষ টাকা, আদায় করা হয় ৩৫.৬০ লক্ষ টাকা এবং আদায়ের হার ৭৭% মর্মে সভায় উপস্থাপন করা হয়।	যে উদ্দেশ্যে ঋণ গ্রহণ করা হচ্ছে সেইখাতে সুচারুরূপে তা ব্যয় করা হচ্ছে কিনা বিষয়টি তদারিক করতে হবে।	উপপরিচালক বিআরডিবি, কুষ্টিয়া

২৩	জেলা সঞ্চয় অফিসের কার্যক্রম পর্যালোচনা	জেলা সঞ্চয় অফিস, কুষ্টিয়া কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে সঞ্চয়পত্র বিক্রয়ের মাধ্যমে অর্থ সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করা হয় ১৬৩ কোটি টাকা। অক্টোবর/২০২৪ মাসে সঞ্চয়পত্র বিক্রয় ৯ কোটি ৪২ লক্ষ টাকা মর্মে সভায় অবহিত করা হয়।	সঞ্চয়কারী যাতে মেয়াদপুর্তির সাথে সাথে তাদের লভ্যাংশসহ সমুদয় সঞ্চয়ের টাকা যথাসময়ে ফেরত পায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক জেলা সঞ্চয় অফিস কুষ্টিয়া
২৪	পাট অধিদপ্তরের কার্যক্রম	পাট অধিদপ্তর, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে 'পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ এবং বিধিমালা ২০১৩' ও পাট আইন ২০১৭ এর প্রয়োগ ও বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রম অব্যাহত আছে মর্মে সভায় অবহিত করা হয়। আরও জানানো হয় যে, ২০২৪-২০২৫ অর্থবছরে মোট ৪৮২ খানা বিভিন্ন প্রকারের পাট ও পাটজাত পণ্যের ব্যবসার লাইসেন্স প্রদান করা হয়। রাজস্ব আদায়ের পরিমাণ ৪,৩৪,৭৫০ টাকা। বর্তমানে প্রতি মন পাটের বাজার দর ৩,২০০ টাকা থেকে ৩,৬০০ টাকা। "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের কার্যক্রম চলমান আছে।	পণ্যে পাটজাত মোড়কের ব্যবহার বৃদ্ধির লক্ষে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করতে হবে।	মুখ্য পরিদর্শক পাট অধিদপ্তর কুষ্টিয়া
২৫	জেলা নির্বাচন অফিসের কার্যক্রম	জেলা নির্বাচন অফিস, কুষ্টিয়ায় অক্টোবর/২০২৪ মাসে ভোটার নাম অন্তর্ভুক্তির আবেদন পাওয়া যায় ১,২৯০টি, নিষ্পত্তি হয় ১,১৭০টি, জাতীয় পরিচয়পত্র সংশোধনের আবেদন পাওয়া যায় ৭৭৯টি, নিষ্পত্তি করা হয় ৮৯৪টি, জাতীয় পরিচয়পত্র হারানো/রিইস্যু আবেদন সংখ্যা ১৮৪টি, নিষ্পত্তির সংখ্যা ১৮১টি ও স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণের সংখ্যা ৩৮,৬৪৪টি মর্মে সভায় উপস্থাপন করা হয়।	আগত সেবাপ্রার্থীদের আবেদন ফরম পূরণের ক্ষেত্রে সহযোগিতা করতে হবে।	সিনিয়র নির্বাচন অফিসার, কুষ্টিয়া
২৬	জেলা শিশু একাডেমির কার্যক্রম	জেলা শিশু একাডেমি, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। শিশুদের সাংস্কৃতিক প্রশিক্ষণ, গ্রন্থাগারের কার্যক্রম ও বঞ্চিত শিশুদের জন্য পরিচালিত প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম চলমান আছে মর্মে সভায় উপস্থাপন করা হয়।	সকল বঞ্চিত শিশুকে প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে প্রচারণা চালাতে হবে।	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, কুষ্টিয়া
২৭	সামাজিক বন বিভাগের কার্যক্রম	সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে পরিচালন ব্যয় খাতে ৪০ কি.মি. নতুন বাগান সৃজন ও ৪০,০০০টি চারা বিক্রয়ের জন্য উত্তোলনের বাজেট বরাদ্দ পাওয়া গেছে এবং এ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে মর্মে সভায় উপস্থাপন করা হয়।	পরিবেশের ভারসাম্য রক্ষায় নতুন নতুন বাগান সৃজনের লক্ষ্যে প্রকল্প গ্রহণ ও তা বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।	বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া
২৮	কুষ্টিয়া পৌরসভার কার্যক্রম	কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাস পর্যন্ত গৃহীত ১৭টি প্রকল্পের মধ্যে ০১টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে এবং ১৬টি প্রকল্পের কাজ চলমান রয়েছে মর্মে সভায় উপস্থাপন করা হয়। পরিবর্তিত পরিস্থিতিতে দৃশ্যমান কিছু কাজ বাস্তবায়ন এবং কলেজ মোড় ও জেলখানা মোড়ে রাস্তার উপর অবৈধভাবে নির্মিত	পরিবর্তিত প্রেক্ষাপটে জনকল্যাণমূলক দৃশ্যমান কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। কলেজ মোড় ও জেলখানা মোড়ে রাস্তার উপর অবৈধভাবে নির্মিত দোকান	প্রশাসক কুষ্টিয়া পৌরসভা কুষ্টিয়া।

		দোকান অপসারণের ব্যবস্থা গ্রহনের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
২৯	কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের কার্যক্রম	কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া কর্তৃক অক্টোবর/২০২৪ মাসে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম সমাপ্ত হয়েছে। বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ উদযাপন করা হয়। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তি কার্যক্রম সমাপ্ত হয়েছে। কলেজ ক্যাম্পাস পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান আছে এবং ডেঙ্গু প্রতিরোধে নিয়মিত এডিস মশার নিয়ন্ত্রক কার্যক্রম চলছে মর্মে সভায় উপস্থাপন করা হয়। জেলখানা মোড়ে জরুরিভিত্তিতে ট্রাফিক পুলিশের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	কুষ্টিয়া মহিলা কলেজ সংলগ্ন জেলখানা মোড়ে জরুরি ভিত্তিতে ট্রাফিক পুলিশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার কুষ্টিয়া। ২। অধ্যক্ষ কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ কুষ্টিয়া।
৩০	জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনা	এটুআই হতে প্রদত্ত রিপোর্ট অনুযায়ী কুষ্টিয়া জেলার ওয়েব পোর্টালের হালনাগাদ কার্যক্রম অব্যাহত রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী স্ব স্ব দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ রাখাসহ ওয়েব সাইট ইংরেজি ভার্সন করে রিপোর্ট করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইট হালনাগাদকরণসহ বাংলার পাশাপাশি ইংরেজি ভার্সন করে রিপোর্ট করতে হবে।	সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান ও প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর কুষ্টিয়া।
৩১	সরকারি কর্মকর্তাদের কর্মস্থলে অবস্থান	জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের আবশ্যিকভাবে নিজ নিজ কর্মস্থলে অবস্থান সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা প্রতিপালনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে কর্মস্থলে অবস্থান করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল), কুষ্টিয়া।
৩২	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতি	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার আলোচনা ও সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী উর্ধ্বতন অফিসসমূহের দৃষ্টিগোচরে যাওয়ার বিষয়ে সভায় আলোকপাত করা হয়। জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানকে আবশ্যিকভাবে এ সভায় উপস্থিত থাকার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানকে আবশ্যিকভাবে এ সভায় উপস্থিত থাকতে হবে। কোন কারণে দপ্তর প্রধান উপস্থিত হতে না পারলে যথাযথ কারণ পূর্বেই অবহিত করতে হবে।	সকল সদস্য

সভায় অন্যান্য দপ্তরের উল্লেখ্যযোগ্য আর কোন আলোচনার বিষয় না থাকায় জেলা প্রশাসনের কার্যক্রম সুচারুরূপে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/১১/২৪

(মো: তৌফিকুর রহমান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
কুষ্টিয়া।
ফোন ০২৪৭৭৭-৮২৩০০
dckushtia@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৫০০০.০০১.০৬.০০১.২৪. ১২৬৮

তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪৩১
২৫ নভেম্বর ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। পুলিশ সুপার, কুষ্টিয়া।
৬। বিভাগীয় প্রধান (সকল), কুষ্টিয়া।
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুষ্টিয়া।
৮। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কুষ্টিয়া। [কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে অন্তর্ভূক্তির অনুরোধসহ]
৯। অফিস কপি।

২৫/১১/২৪

জেলা প্রশাসক
কুষ্টিয়া।